

## Rb¶ I gZi wbeÜb msµvš-Z\_`vej xi mvi ms†¶c

১। বিদেশে জন্মগ্রহণকারী, মৃত্যুবরণকারী কোন বাংলাদেশীদের ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাসের রাষ্ট্রদূত বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা জন্ম নিবন্ধকের দায়িত্ব পালন করিবেন।

২। wbeÜb :

(ক) জাতি, ধর্ম, বর্ণ ও গোষ্ঠী, লিঙ্গ নির্বিশেষে নিবন্ধক সকল ব্যক্তির জন্ম ও মৃত্যু নিবন্ধন বহিতে নিবন্ধন করিবে (বিদেশে বসবাসরতদের ক্ষেত্রে কেবল মাত্র বাংলাদেশী পাসপোর্ট বহনকারীদের জন্য নিবন্ধন প্রযোজ্য হবে)।

(খ) নির্দিষ্ট সময় ও নির্ধারিত পদ্ধতিতে কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের জন্য নিবন্ধকের নিকট তথ্য প্রেরণ করিতে হইবে।

(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য এই ধারার অধীন তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য প্রদানকারীর এই মর্মে একটি ঘোষণা থাকিবে যে, উক্ত তথ্য সঠিক এবং উক্ত জন্ম বা মৃত্যু ইতিপূর্বে নিবন্ধিত হয় নাই।

৩। Rb¶ I gZi Z\_` cÜvbi Rb` `vqx e`w³ :

(ক) শিশুর পিতা বা মাতা বা অভিভাবক বা নির্ধারিত ব্যক্তি উক্ত শিশুর জন্মের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে জন্মসংক্রান্ত তথ্য নিবন্ধকের নিকট প্রদানের জন্য বাধ্য থাকিবেন।

(খ) মৃত ব্যক্তির পুত্র বা কন্যা বা অভিভাবক বা নির্ধারিত ব্যক্তি মৃত্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মৃত্যু সংক্রান্ত তথ্য নিবন্ধকের নিকট প্রদানের জন্য বাধ্য থাকিবেন।

৪। wKi i bvg wba¶¶ Y :

জন্ম নিবন্ধনের পূর্বে শিশুর নাম নির্ধারণ করিতে হইবে। তবে শর্ত থাকে যে, কোন শিশুর নাম নির্ধারণ করা না হইলে উক্ত শিশুর জন্ম নিবন্ধন করা যাইবে এবং সেইক্ষেত্রে নিবন্ধনের পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে তাহার নাম সরবরাহ করিতে হইবে।

৫। Rb¶ I gZi mb` cÜvb : কোন ব্যক্তির আবেদনক্রমে নিবন্ধক নির্ধারিত ফি ও পদ্ধতিতে নিবন্ধিত ব্যক্তির জন্ম বা মৃত্যু সনদ প্রদান করিবেন।

৬। wj wšZ wbeÜb : নির্দিষ্ট সময়ের মধ্যে জন্ম বা মৃত্যুর তথ্য নিবন্ধকের নিকট প্রেরণ করা না হইলে পরবর্তী সময় উহা নির্ধারিত সময়, পদ্ধতি ও ফি প্রদান সাপেক্ষে নিবন্ধন করা যাইবে।

৭। জন্ম বা মৃত্যু সনদের সাম্প্র্য মূল্য : নিবন্ধিত বিষয়াদির ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য এই আইনের অধীন প্রদত্ত জন্ম সনদ ব্যবহার করিতে হইবে, যথা :-

ক) পাসপোর্ট ইস্যু;

খ) বিবাহ নিবন্ধন;

গ) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি;

ঘ) সরকারী, বেসরকারী বা স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে নিয়োগদান;

ঙ) ড্রাইভিং লাইসেন্স ইস্যু;

চ) ভোটার তালিকা প্রণয়ন;

ছ) জমি রেজিস্ট্রেশন;

জ) ব্যাংক এ্যাকাউন্ট খোলা;

ঝ) আমদানী ও রপ্তানী লাইসেন্স প্রাপ্তি;

ঞ) গ্যাস, পানি, টেলিফোন ও বিদ্যুৎ সংযোগ প্রাপ্তি;

ট) ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) প্রাপ্তি;

ঠ) ঠিকাদারী লাইসেন্স প্রাপ্তি;

ড) বাড়ির নক্সা অনুমোদন প্রাপ্তি;

- ঢ) গাড়ির রেজিস্ট্রেশন প্রাপ্তি;
- ণ) ট্রেড লাইসেন্স প্রাপ্তি;
- ত) জাতীয় পরিচয় পত্র প্রাপ্তি।

৮। Rb#wbeÜb

(১) নিবন্ধনাধীন ব্যক্তির বয়স আঠার বৎসর বা তদূর্ধ্ব হইলে তিনি নিজে এবং আঠার বৎসরের কম হইলে নিবন্ধনাধীন ব্যক্তির পিতার/মাতা/জন্ম তথ্য প্রদানকারী জন্ম নিবন্ধন আবেদন পত্রটি পূরণ করিয়া নিবন্ধক বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির নিকট প্রেরণ করিবেন।

(২) জন্ম নিবন্ধন আবেদন পত্রের যথাস্থানে নিবর্ণিত যে কোন ব্যক্তির প্রত্যয়ন বা আবেদন পত্রের সহিত নিবন্ধনাধীন ব্যক্তির জন্ম তথ্য সম্বলিত নিবর্ণিত এক বা একাধিক দলিল সংযুক্ত থাকিতে হইবে, যথা :-

ক) সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত জন্ম সংক্রান্ত ছাড়পত্র বা জন্ম তথ্য সম্বলিত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি;

খ) জন্ম তথ্য প্রদানকারীর এই মর্মে ঘোষণা যে জন্ম নিবন্ধন আবেদনপত্রে উল্লিখিত তথ্য সত্য এবং ইতোপূর্বে উক্ত তথ্য অন্য কোন নিবন্ধকের কার্যালয়ে নিবন্ধিত নাই;

(৩) জন্ম নিবন্ধন আবেদন প্রাপ্তির পর নিবন্ধক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাৎক্ষণিকভাবে জন্ম নিবন্ধন আবেদন পত্রটি পরীক্ষা করিয়া যদি নিশ্চিত হন যে উক্ত আবেদন পত্রের সকল প্রয়োজনীয় অংশ পূরণ এবং প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করা হইয়াছে তাহা হইলে তিনি জন্ম সনদ সরবরাহের জন্য ১৫ কর্মদিবসের মধ্যে একটি তারিখ নির্দিষ্ট করিয়া আবেদনকারী তা তথ্য প্রদানকারীর অংশ স্বাক্ষর করিবেন এবং উহা আবেদনকারী বা তথ্য প্রদানকারীর নিকট হস্তান্তর করিবেন এবং উক্ত জন্ম নিবন্ধন আবেদনপত্র অনুমোদনের জন্য নিবন্ধকের নিকট উপস্থাপন করিবেন।

৯। gZÿ wbeÜb

(১) মৃত্যু তথ্য প্রদানকারী মৃত্যু নিবন্ধন আবেদনপত্রটি পূরণ করিয়া নিবন্ধক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট প্রেরণ করিবেন।

(২) মৃত্যু নিবন্ধন আবেদনপত্রের যথাস্থানে নিবর্ণিত এক বা একাধিক প্রত্যয়ন বা আবেদন পত্রের সহিত নিবর্ণিত এক বা একাধিক দলিল সংযুক্ত থাকিতে হইবে।

ক) সংশ্লিষ্ট চিকিৎসক কর্তৃক প্রদত্ত মৃত ঘোষণা সংক্রান্ত প্রত্যয়ন; বা

খ) সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠানের মৃত্যু সংক্রান্ত প্রত্যয়নপত্র; বা

গ) মৃত ব্যক্তির ময়না তদন্ত প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি; বা

ঘ) নিবন্ধক যেইরূপ প্রয়োজন মনে করেন মৃত্যুসংক্রান্ত সেইরূপ অন্য কোন দলিলের সত্যায়িত ফটোকপি।

(৩) মৃত্যু নিবন্ধন আবেদন পত্র প্রাপ্তির পর নিবন্ধক কর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি তাৎক্ষণিকভাবে মৃত্যু নিবন্ধন আবেদন পত্রটি পরীক্ষা করিয়া যদি নিশ্চিত হন যে উক্ত আবেদন পত্রের সকল প্রয়োজনীয় অংশ পূরণ এবং প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করা হইয়াছে তাহা হইলে তিনি মৃত্যু সনদ বিতরণের জন্য ১৫ কর্ম দিবসের মধ্যে একটি তারিখ নির্দিষ্ট করিয়া আবেদনকারী বা তথ্য প্রদানকারীকে অবহিত করিবেন এবং নির্ধারিত ১৫ কর্ম দিবসের পর তা আবেদনকারী বা তথ্য সরবরাহকারীকে প্রদান করিবেন।